গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা

# A.P.A. টিমের ১ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মাহবুব হোসেন<br>সচিব |
| সভার তারিখ | ৩১ আগস্ট ২০২১ |
| সভার সময় | সকাল ১০.০০ মিনিট |
| স্থান | ভার্চুয়াল সভা |
| উপস্থিতি | ভার্চুয়াল সভা |

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি A.P.A. টিম প্রধান এবং অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। A.P.A. টিম প্রধান বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরে A.P.A. টিমের আজ প্রথম সভা। এটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের A.P.A. টিমের সভা হলেও যেহেতু অর্থবছরের প্রথম এবং ০৯ (নয়) টি দপ্তর-সংস্থা ২০২১-২০২২ অর্থবছরে A.P.A. তে নতুনভাবে অন্তর্ভূক্ত হয়েছে তাই মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সকল কর্মকর্তা, আওতাধীন সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থা প্রধান, A.P.A. টিম প্রধান এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের আজকের সভায় আমন্ত্রণ জানানো হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের A.P.A. কার্যক্রম শুরু হয়েছে এবং ২০২০-২০২১ অর্থবছরের ধারাবাহিকতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং আওতাধীন সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থা যেন গৃহিত কার্যক্রম শতভাগ বাস্তবায়ন করতে পারে সে জন্য এখন থেকে প্রচেষ্টা শুরু করতে হবে। তিনি ২০২১-২০২২ অর্থবছরের A.P.A. এর কার্যক্রম এবং তা বাস্তবায়নে করনীয় কি তা উপস্থাপনের জন্য A.P.A. ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ ফজলুর রহমান-কে অনুরোধ জানান। ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরের A.P.A. বিগত বছরের A.P.A.'র চেয়ে একটু ভিন্ন। এবার প্রথমবারের মতো A.P.A. তে জাতীয় শুদ্ধাচার কৌশল (N.I.S.), ই-গভর্নেন্স ও উদ্ভাবন (Innovation), তথ্য অধিকার (R.T.I.), অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (G.R.S.) এবং সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংযোজন করা হয়েছে। তিনি ২০২১-২০২২ অর্থবছরের A.P.A. এর কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেন।

৩. সভাপতি বলেন যে, ২০২০-২০২১ অর্থবছরের A.P.A. তে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের পারফরমেন্স সন্তোষজনক। এ ধারাবাহিকতায় ২০২১-২০২২ অর্থবছরের A.P.A.'র প্রতিটি কার্যক্রম বাস্তবায়নের জন্য এখন থেকে পদক্ষেপ গ্রহণের বিষয়ে তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। A.P.A. তে ভালো করতে হলে সংযোজিত প্রতিটি বিষয়েই ভালো করতে হবে। তিনি আওতাধীন সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থা প্রধানকে A.P.A. টিম প্রধান এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সর্বাত্মক সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। তিনি বলেন যে, সংসদ সর্বোচ্চ অগ্রাধিকার এবং তারপরের সবচেয়ে জরুরি কাজ A.P.A. বাস্তবায়ন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের পাশাপাশি আওতাধীন সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থাকে A.P.A. তে ভালো করতে হবে। কার্যক্রম বাস্তবায়ন করলেই হবে না বাস্তবায়নের স্বপক্ষে উপযুক্ত প্রমাণকও সংরক্ষণ করতে হবে এবং যথাসময়ে উর্ধ্বতন দপ্তরে প্রেরণ করতে হবে। তিনি আবারও ২০২০-২০২১ অর্থবছরের A.P.A. সফলভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। পরবর্তীতে ২০২১-২০২২ অর্থবছরের A.P.A. কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৪. সিদ্ধান্তসমূহ:

| | |
|---|---|
| ৪.১ | ২০২১-২০২২ অর্থবছরের A.P.A. কার্যক্রম শতভাগ বাস্তবায়নের জন্য অর্থবছরের শুরু থেকে পদক্ষেপ গ্রহণ করতে হবে; |
| ৪.২ | নির্ধারিত সময়ের মধ্যে পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পাদনের জন্য Monthly A.P.A. Activities Execution Calender প্রণয়ন করতে হবে; |
| ৪.৩ | সকল কার্যক্রম বাস্তবায়নের স্বপক্ষে উপযুক্ত প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে; |
| ৪.৪ | প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম সেপ্টেম্বর'২০২১ মাসের মধ্যে শুরু করতে হবে। |

৫ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ মাহবুব হোসেন
সচিব

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৪.২১.২১৯

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮
৩১ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা (সকল)।
৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ।
৪) যুগ্মসচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫) উপসচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৭) সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৮) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

মোঃ ফজলুর রহমান
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)